

ই-ফাইলিং (নথি) বাস্তবায়নের লক্ষে ১৫ ও ১৬ জুন ২০২০ তারিখ ০২ দিন ব্যাপী সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত কলাপাড়া উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে ই-ফাইলিং (নথি) প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

১৫ জুন সকাল ৯:০০ ঘটিকায় প্রশিক্ষণের উদ্বোধন পর্ব অনুষ্ঠিত হয়। ই-ফাইলিং (নথি) প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব এস. এম রাকিবুল আহসান এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার জনাব আবু হাসনাত মোহাম্মদ শহিদুল হক। প্রধান অতিথি এবং সভাপতি তাদের বক্তব্যে সরকারি কাজে ই-ফাইলিং এর গুরুত্ব তুলে ধরেন। প্রশিক্ষণে আরও অংশ নিয়েছেন উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সহকারি কমিশনার (ভূমি), উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ), উপজেলা শিক্ষা অফিসার(অঃদাঃ), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা সমবায় অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা পরিসংখ্যান অফিসার, ইন্সট্রাক্টর। রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী এবং সহকারী প্রোগ্রামার, কলাপাড়া, পটুয়াখালী। সকাল ৯:৩০ টা থেকে প্রশিক্ষণ পর্ব শুরু হয়। প্রশিক্ষণ পর্বের শুরুতেই প্রশিক্ষণার্থীদের মধ্যে ই-নথি ব্যবহার সহায়িকা, কলম, প্যাড এবং ফোল্ডার বিতরণ করা হয়। ল্যাপটপ এবং প্রোজেক্টরের মাধ্যমে প্রশিক্ষণ পরিচালনা করা হয়। প্রশিক্ষণার্থী গণ নিজ নিজ ল্যাপটপের মাধ্যমে ব্যবহারিক অনুশীলন করেন। বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হয়। ১৬ জুন সকাল ৯:৩০ ঘটিকায় প্রশিক্ষণ পর্ব শুরু হয়। ই-ফাইলিং সম্পর্কে ব্যবহারিক বিস্তারিত দেখানো হয়। ৪:১৫ ঘটিকায় চা বিরতির পর প্রশিক্ষণার্থীদের প্রশ্নোত্তর পর্ব এবং ব্যবহারিক সেশন অনুষ্ঠিত হয়। এরপর সমাপনী অনুষ্ঠানে সভাপতি শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।